

"

কৃষি প্রযুক্তি ভাণ্ডার

প্রযুক্তির বিবরণ

প্রযুক্তির নাম : মাটির স্বাস্থ্য ও আলু উৎপাদনে বায়োচারের ভূমিকা

বিস্তারিত বিবরণ :

বিস্তারিত বিবরণ: N১৬১, P৪৪, K১৫০, S২০, Zn৩.৫ এবং B১.৭ কেজি/হেক্টর এর সাথে ১০ টন/হেক্টর গোবর এবং ৫ টন/হেক্টর বায়োচার। গোবর এবং জিংক সালফেট সর্বশেষ জমি চাষের সময় দিতে হবে। সম্পূর্ণ বায়োচার, অর্ধেক ইউরিয়া, সম্পূর্ণ টিএসপি, এমওপি, জিপসাম এবং বোরন বীজ বোপন করার সময় দুইপাশে লাইনে প্রয়োগ করতে হবে। অর্ধেক ইউরিয়া রোপনের ৩০-৩৫ দিন পর প্রয়োগ করে গাছের গোড়ায় মাটি তুলে দিতে হবে। ফলন:

- ২৫-৩০ টন/হেক্টর আলু উৎপাদন করা যায় (বায়োচার বিদ্যমান প্রস্তাবিত সারের মাত্রা থেকে ৮-১০% ফলন বাড়ায়)।
- কৃষি বর্জ্য থেকে বায়োচার তৈরি করা যেতে পারে যা মাটির উর্বরতা, উৎপাদনশীলতা, মাটির জীববৈচিত্র্য বৃদ্ধি এবং CO2 নির্গমন রোধ করবে। বৈশিষ্ট্যসমূহ:
 ১. বায়োচার মাটির ভৌত, রাসায়নিক এবং জীবাণু গুণাগুণ উন্নত করে।
 ২. বায়োচার উদ্ভিদের জন্য পুষ্টির প্রাপ্যতা বাড়ায়।
 ৩. বায়োচার প্রায় ৮-১০% আলুর ফলন বৃদ্ধি করে।



[প্রয়োজনে সংশ্লিষ্ট বিশেষজ্ঞের সাথে কথা বলুন।](#)

[Back](#)